



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।



মুজিববর্ষের উপহার  
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৫৩

তারিখ: ৮ চৈত্র ১৪২৬  
২২ মার্চ ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়ঃ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ শ্রেণীকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, বর্তমানে করোনা ভাইরাসজনিত কারণে বিশ্ববাণিজ্যের পাশাপাশি দেশের ব্যবসা-বাণিজ্যেও এর নেতিবাচক প্রভাব পড়ছে। দেশের সার্বিক অর্থনীতির এ নেতিবাচক প্রভাবের ফলে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণগ্রহীতাগণের ব্যবসা-বাণিজ্য তথা স্বাভাবিক অর্থনৈতিক কর্মকান্ডও বাধাগ্রস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে।

০২। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় অত্র অথরিটি কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ৪৪ অনুসরণে ০১ জানুয়ারী ২০২০ তারিখে ঋণের শ্রেণীমান যা ছিল, আগামী ৩০ জুন ২০২০ পর্যন্ত উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না। তবে কোন ঋণের শ্রেণীমানের উন্নতি হলে তা বিদ্যমান নিয়মানুযায়ী শ্রেণীকরণ করা যাবে।

০৩। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৯(চ) ধারা ও ৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)  
পরিচালক  
ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫

নম্বর- ৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২০-৮৬২ (৭৫৯)(৭)

তারিখঃ-২২/০৩/২০২০ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।

(মুহাম্মদ মিজানুর রহমান)  
উপপরিচালক  
ফোনঃ- ৪৮ ৩১ ৬০ ৩৫